

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সেপ্টেম্বর-অক্টোবর/২২ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৭/০৯/২০২২ ইং।

সময় : ১১.০০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।


০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, অত্র উপজেলায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে। পরে সভাপতি মহোদয় উক্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য সন্তোষ প্রকাশ করেন এবং প্রশিক্ষণ যেন আরও বেশি বেশি আয়োজন করা যায় সেজন্য সমবায় কর্মকর্তার দৃষ্টি আর্কষণ করেন।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণ গুলো সঠিকভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ লিটন আহমেদ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।